



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।
www.dae.gov.bd

কৃষি সমৃদ্ধি




স্মারক নং- ১৫-২২/২০২০/৮৬৯ (২৪)

তারিখ: ২২/০৬/২০

বিষয়: করোনা ভাইরাস প্রতিরোধে করণীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সংযুক্ত দিকনির্দেশনা মূলক ব্যবস্থা প্রতিপালনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


২২/০৬/২০২০
মোঃ শাহ আলম
পরিচালক
প্রশাসন ও অর্থ উইং
পক্ষে- মহাপরিচালক

- ১। পরিচালক, -----, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (আপনার অধীনস্থ সকল দপ্তরে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
- ২। অতিরিক্ত পরিচালক (সকল), ----- অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। (আপনার অধীনস্থ সকল জেলা এবং উপজেলায় অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

স্মারক নং-

তারিখ:

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

**করোনা ভাইরাস: সচেতন হোন, নিরাপদ থাকুন।**

সরকার ইতোমধ্যে করোনা ভাইরাস সংক্রমণ রোধ ও আক্রান্ত রোগীর চিকিৎসার্থে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। এ ভাইরাস সংক্রমণ রোধে সবার সতর্কতা ও সচেতনতা প্রয়োজন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন সকল অফিস ও সংশ্লিষ্ট সকলকে এ পরিস্থিতি মোকাবেলায় সচেতন থাকার নির্দেশ দেয়া হলো। এ প্রেক্ষিতে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) এর ওয়েবসাইটে প্রকাশিত করোনা ভাইরাসের তথ্য সম্বলিত নির্দেশনা ও পরামর্শ অনুসরণের অনুরোধ করা হলো।

করোনা ভাইরাস (COVID-19):**❖ যেভাবে ছড়ায়:**

- মানুষ থেকে মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায় এবং
- শ্বাসতন্ত্রের মাধ্যমে (হাঁচি / কাশি/ কফ/ থুথু) অথবা
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসলে একজন থেকে অন্যজনে ছড়ায়।

❖ লক্ষণসমূহ:

- ভাইরাস শরীরে ঢোকার পর সংক্রমণের লক্ষণ দেখা দিতে প্রায় ২-১৪ দিন সময় লাগে।
- বেশির ভাগ ক্ষেত্রে জ্বর হয়;
- এছাড়া শুকনো কাশি/ গলা ব্যথা হতে পারে;
- শ্বাসকষ্ট/ নিউমোনিয়া দেখা দিতে পারে;
- অন্যান্য অসুস্থতা (ডায়াবেটিস/ উচ্চ রক্তচাপ/ শ্বাসকষ্ট/ হৃদরোগ/ কিডনী সমস্যা/ ক্যান্সার ইত্যাদি) থাকলে অরগ্যান ফেইলিওর বা দেহের বিভিন্ন অঙ্গ-পতঙ্গ বিকল হতে পারে।

প্রতিরোধে করণীয়:

- ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত ধুতে হবে (অন্তত ২০ সেকেন্ড ধরে)।
- হ্যান্ড সেনিটাইজার ব্যবহার করে হাত জীবানু মুক্ত রাখতে হবে।
- কাশি বা হাঁচি দিচ্ছে এমন ব্যক্তি হতে ৩ ফুট দূরত্ব বজায় রাখা প্রয়োজন।
- হাত না ধুয়ে চোখ, কান ও মুখ স্পর্শ করা থেকে বিরত থাকতে হবে।
- হাঁচি বা কাশি দেয়ার সময় টিস্যু বা হাতের কনুই দিয়ে নাক ও মুখ ডেকে রাখতে হবে।
- যেখানে সেখানে থুথু নিক্ষেপ করা যাবে না।
- অসুস্থ ব্যক্তি বা প্রাণির সংস্পর্শে আসা যাবে না।
- কাপড় একবার ব্যবহার করে ধুয়ে ফেলতে হবে।
- বাড়ি এবং কর্মক্ষেত্র নিয়মিত পরিষ্কার রাখতে হবে, ফাইলপত্রসহ দাপ্তরিক পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে।
- ওয়াশরুম জীবানু মুক্ত রাখতে হবে, হাত ধোয়ার জন্যে পর্যাপ্ত সাবান রাখতে হবে।
- করোনা ভাইরাস প্রতিরোধ সম্বলিত ব্যানার কর্মস্থলে প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে।
- বাহিরে ব্যবহৃত জুতা ঘরে ব্যবহার করা যাবে না।
- খালি পায়ে হাটা যাবে না।
- পরিচিত বা অপরিচিত ব্যক্তির সাথে হাত মিলানো বা আলিঙ্গন করা হতে বিরত থাকতে হবে।
- রান্না করার আগে ভাল করে খাবার ধুয়ে নিতে হবে।
- যেকোনো খাবার ভাল করে সিদ্ধ করে রান্না করতে হবে।
- জ্বর, কাশি, শ্বাসকষ্ট অনুভব করলে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হতে হবে, অন্যের সংস্পর্শ থেকে দূরে থাকতে হবে।
- অসুস্থ বোধ করলে বাড়িতে অবস্থান করা উত্তম।
- বিদেশ ভ্রমণ করে এলে অবশ্যই ১৪ (চৌদ্দ) দিন “হোম কোয়ারেন্টিন” এ থাকতে হবে।

২৯/০৬/২০২০

তথ্যসূত্র: IEDCR



করোনা ভাইরাস



ভয় নয়, করুন প্রতিরোধ

করোনা ভাইরাস (কভিড-১৯) প্রতিরোধে করণীয়:

- * ঘনঘন প্রয়োজন মত সাবান ও পানি দিয়ে কজি পর্যন্ত ন্যূনতম ২০ সেকেন্ড ঘষে হাত ধুয়ে ফেলুন।
- * হ্যান্ড সেনিটাইজার ব্যবহার করে হাত জীবানুমুক্ত রাখুন।
- * সর্দি কাশির সময় টিস্যু পেপার দিয়ে নাক মুখ ঢেকে ফেলুন। টিস্যু পেপার না থাকলে অন্তত কনুই ভাঁজ করে নাক মুখ ঢেকে ফেলুন।
- * ব্যবহারের পরপর টিস্যু পেপার দ্রুত বিনে ফেলুন ও হাত ধুয়ে ফেলুন।
- * সর্দি কাশি ও জ্বর আক্রান্ত ব্যক্তির কাছে যাওয়া থেকে বিরত থাকুন।
- * জনসমাগম এলাকা এড়িয়ে চলুন এবং গণপরিবহনে ভ্রমণ পারতপক্ষে পরিহার করুন, প্রয়োজনে মাস্ক ব্যবহার করুন।
- * পর্যাপ্ত পানি পান করুন।
- * পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখুন, যেখানে সেখানে থুতু ফেলবেন না। ফাইলপত্র সহ আপনার দাপ্তরিক পরিবেশ পরিচ্ছন্ন রাখুন।
- * করমর্দন, কোলাকুলি থেকে বিরত থাকুন।
- * সর্দি, কাশি, জ্বর অথবা নিউমোনিয়া সন্দেহ হলে অবিলম্বে নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগ করুন।
- * অনবরত চোখ, নাক ও মুখ স্পর্শ করা থেকে বিরত থাকুন।
- * মাংস ও ডিম পর্যাপ্ত তাপমাত্রায় রান্না করুন।
- * গৃহপালিত বা অন্য কোন প্রাণীর সংস্পর্শ পরিহার করুন।



নিজেকে ও অন্যদের নিরাপদে রাখুন

প্রয়োজনে নিম্নোক্ত হটলাইন নাম্বারে যোগাযোগ করুন

০১৯৩৭-০০০০১১ ০১৯২৭-৭১১৭৮৪
০১৯৩৭-১১০০১১ ০১৯২৭-৭১১৭৮৫

জনসচেতনতায়:



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা

তথ্য সূত্র: IEDCR